ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৩৪

কুমারঘাট, ৪ সেপ্টেম্বর, ২০২৫

# অনূর্ধ্ব ১৭ বছর রাজ্যভিত্তিক স্কুল ক্রীড়ার হ্যান্ডবল প্রতিযোগিতা সমাপ্ত

রাজ্যভিত্তিক স্কুল ক্রীড়া প্রতিযোগিতার অনূর্ধ্ব ১৭ বছর বালক ও বালিকা বিভাগের হ্যান্ডবল প্রতিযোগিতা আজ কুমারঘাটের নয়দ্রোন উচ্চবিদ্যালয়ের মাঠে সমাপ্ত হয়েছে। তিনদিনব্যাপী এই প্রতিযোগিতা শুরু হয়েছিল গত ২ সেপ্টেম্বর। প্রতিযোগিতায় ফাইনাল ম্যাচে বালক বিভাগে পশ্চিম ত্রিপুরা জেলা ৭-৬ গোলে উত্তর ত্রিপুরা জেলাকে পরাজিত করে জয়লাভ করে। অন্যদিকে, বালিকা বিভাগে পশ্চিম ত্রিপুরা জেলা ৭-৩ গোলে খোয়াই জেলাকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়।

সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস বলেন, এই প্রতিযোগিতায় যারা চ্যাম্পিয়ন হয়েছে তারা জাতীয় স্তরের ক্রীড়া আসরে অংশ নেবে। আশা করা হচ্ছে জাতীয় স্তরের আসরে তারা ত্রিপুরার মুখ উজ্জ্বল করবে। তিনি বলেন, খেলাধুলার মাধ্যমে যে ভ্রাতৃত্ববোধ তৈরি হয় তা আমরা সর্বত্র ছড়িয়ে দিতে চাই। সমাপনী অনুষ্ঠানে এছাড়া উপস্থিত ছিলেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস, ভাইস চেয়ারম্যান শংকর দেব, রাজ্যভিত্তিক হ্যান্ডবল প্রতিযোগিতার অবজারভার দিবাকর দেবনাথ, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উত্তর জেলার সহ-অধিকর্তা বিভা বসু গোস্বামী, ঊনকোটি জেলার সহ-অধিকর্তা অমিত কুমার যাদব, দপ্তরের মহকুমা ক্রীড়া আধিকারিক পূজয়িতা দেব প্রমুখ। অতিথিগণ বালক ও বালিকা বিভাগে চ্যাম্পিয়ন ও রানার্স দলের হাতে পুরস্কার তুলে দেন।

*****